

## বিশ্ববিদ্যালয়ে কেন পড়ব

১৩ মে ২০১৯ ০০:০০

আপডেট: ১৩ মে ২০১৯ ০৯:৪২



সত্য মন্ত্রমুখ্য  
আমাদের সমগ্র

আজ বিশ্বে মেধার জয়জয়কার। যে দেশ মেধাকে যত বেশি কাজে লাগাতে পারছে, তত বেশি উন্নতির শিখরে পৌঁছাচ্ছে। নিজেকে এবং দেশকে এগিয়ে নেওয়ার প্রত্যয় যার কাছে বিদ্যমান, তার জন্য বিশ্ববিদ্যালয় হচ্ছে উপযুক্ত স্থান। যে কোনো শিক্ষার্থীর জন্য বিশ্ববিদ্যালয় এমন একটি প্ল্যাটফর্ম, যার আশ্রয়ে আশ্রিত হয়ে একজন শিক্ষার্থী নিজেকে যুগোপযোগী এবং যোগ্য করে গড়ে তোলার সুযোগটি পেয়ে থাকে।

বিশ্ববিদ্যালয়ের সৃষ্টিশীল পরিধি একজন শিক্ষার্থীকে সৃজনশীল করে তোলার পাশাপাশি পণ্ডিত ব্যক্তিদের সাহচর্য তাকে জ্ঞান অর্জনে উৎসাহিত করে এবং জ্ঞান অর্জনের ক্ষেত্র খুঁজে পায়। সব গুণের বিকাশ ঘটাতে তার জন্য থাকে উপর্যুক্ত পরিবেশ এবং বিশ্ববিদ্যালয়ের নানা অঙ্গনও তার জন্য প্রস্তুত থাকে। বেশিরভাগ ক্ষেত্রে নেতৃত্ব দেয় বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা।

সুতরাং নিজেকে তৈরি করার এবং দেশকে কিছু দেওয়ার উপযুক্ত স্থান হচ্ছে বিশ্ববিদ্যালয়। তাই নিজের মধ্যে এই আগ্রহ ও উচ্ছ্বাস তৈরি করে নিতে হবে এবং আমাদেরও উচিত এই বাণী দেশের সর্বত্র পৌঁছে দেওয়া।